গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
অডিট শাখা
www.tmed.gov.bd

স্মারক নং -৫৭.০০.০০০০.১৪২.১৬.০০৯.২২-৪৪ তারিখঃ ২১ ফাল্গুন, ১৪২৮ / ০৬ মার্চ, ২০২২

**বিষয়ঃ কুড়িগ্রাম জেলার ফুলবাড়ী উপজেলাধীন গংগারহাট দ্বি-মুখী দাখিল মাদ্রাসার পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা কর্তৃক গত ২৫.০৫.২০১৭ খ্রি. তারিখে সম্পন্ন হওয়া পরিদর্শন প্রতিবেদনের (মাদ্রাসা কর্তৃক প্রণীত ব্রডশীট জবাব এবং মাদ্রাসা অধিদপ্তর কর্তৃক সুপারিশকৃত) উপর অনুসরণীয় নির্দেশনা।**

সূত্র: (১) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০১০.৪৪.০০২.২০-২৫৪; তারিখ: ২০.০১.২০২২ খ্রি.
(২) জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম -এর স্মারক নং-জেশিঅ/কুড়ি/২০২১/4; তারিখ: ২৯.০৩.২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রোস্থ পত্রের প্রেক্ষিতে কুড়িগ্রাম জেলার ফুলবাড়ী উপজেলাধীন গংগারহাট দ্বি-মুখী দাখিল মাদ্রাসাটি পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা কর্তৃক গত ২৫.০৫.২০১৭ খ্রি. তারিখে পরিদর্শন ও নিরীক্ষা হয়। পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনে উত্থাপিত আপত্তিসমূহের প্রেক্ষিতে ব্রডশিটে সুপারের জবাব ও জেলা শিক্ষা অফিসারের মতামতের উপর মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর মন্তব্য পাওয়া গেছে। প্রাপ্ত ব্রডশীট জবাব আলোচনা ও পর্যালোচনা করে মহাপরিচালকের মন্তব্য অনুযায়ী টিএমইডি'র প্রস্তাব নিম্নে উপস্থাপন করা হলো:

| বিএসআর ক্রমিক নং | ব্রডশিট জবাবের আলোকে উক্ত বিষয়ে টিএমইডি'র নির্দেশনা/মন্তব্য |
|---|---|
| ১ | প্রশাসনিক মন্তব্য ও সুপারিশ: |
| ১(ঘ) | ব্যবস্থাপনা কমিটি সংক্রান্ত তথ্য: যথাসময়ে নিয়মিত কমিটি গঠন করা হয়েছে। যার মেয়াদ ২০.০২.২০২২ খ্রি. তারিখে উত্তীর্ণ হয়েছে। নিয়মিত ব্যবস্থাপনা কমিটি গঠন করার জন্য সুপারকে নির্দেশ দেয়া হলো। |
| ১(চ) | স্টক টেকিং সংক্রান্ত তথ্য: ব্যবস্থাপনা কমিটির ২৩.০৬.২০২১ খ্রি. তারিখের সভায় ২০২১ খ্রি. সালের জন্য স্টক টেকিং কমিটি গঠন করা হয়েছে। প্রতি বছর প্রতিষ্ঠানের স্থাবর/অস্থাবর সম্পত্তির স্টক টেকিং ব্যবস্থা চালু রাখতে এবং স্টক টেকিং প্রতিবেদন ব্যবস্থাপনা কমিটি অনুমোদনপূর্বক স্টক রেজিস্ট্রার সংরক্ষণের জন্য সুপারকে নির্দেশ দেয়া হলো। |
| ১(ঝ)২ | মহিলা কোটা: প্রতিষ্ঠানটিতে বর্তমানে ১৫ জন শিক্ষক কর্মরত আছেন। মন্ত্রণালয়ের পরিপত্র মোতাবেক ২০% হিসেবে ১৫ জনের মধ্যে মহিলা শিক্ষক প্রাপ্য ০৩ জন। বর্তমানে ০১ জন মহিলা শিক্ষক কর্মরত আছে। মহিলা কোটা পূরণ নেই। ভবিষ্যতে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে মহিলা কোটা পূরণের বিষয়ে ব্যবস্থাপনা কমিটিকে দৃষ্টি আকর্ষণ করা হলো। |
| ১(ট) | স্ট্যাফিং প্যাটার্ণ সংক্রান্ত: প্রতিষ্ঠানের স্টাফিং প্যাটার্ণ যাচাই করা হয়েছে। ২৪.১০.৯৫ ও ০৪.০২.২০১০ তারিখের জনবল কাঠামো মোতাবেক দাখিল স্তরে জুনিয়র শিক্ষকের পদ বিলুপ্ত করা হয়েছে। প্রতিষ্ঠানটিতে জুনিয়র মৌলভী জনাব মোঃ রিয়াজুল হক (ইনডেক্স নং-৩৭৫০৬০) ২৫.১১.১৯৮৬ তারিখ হতে কর্মরত আছেন। ২৪.১০.১৯৯৫ তারিখের নীতিমালা মোতাবেক তিনি উদ্বৃত্ত হিসেবে বেতন-ভাতাদি পেতে থাকবেন। তিনি ৩১.০১.২০২৬ তারিখে অবসর গ্রহণ করবেন। উক্ত পদ (জুনিয়র মৌলভী) শূন্য হলে ঐ পদে নিয়োগ দেয়া যাবে না। তদস্থলে সহকারী মৌলভী নিয়োগের ব্যবস্থা করতে হবে। |
| ২(ক) | অবকাঠামোগত মন্তব্য ও সুপারিশ:<br>জমি সংক্রান্ত: প্রতিষ্ঠানটির জমির পরিমাণ ১.৩৭ একর। জমি প্রতিষ্ঠানের নামে খারিজ করা হয়েছে। জমির খাজনা হালসন নাগাদ পরিশোধ করা হয়েছে। দাখিল সংযুক্ত (পত্র পৃষ্ঠা: ৪২-৪৩)। নিয়মিত জমির খাজনা হালসন নাগাদ পরিশোধ করে খাজনার রশিদ সংরক্ষণ করতে হবে। |

চলমান পাতা-০২

| | |
|---|---|
| ২(গ) | আসবাবপত্রসংক্রান্ত: বর্তমানে প্রতিষ্ঠানে ন্যূনতম প্রয়োজনীয় আসবাবপত্র রয়েছে। ২৩.০৬.২০২১ খ্রি. তারিখের সভায় স্টক টেকিং কমিটি গঠন করা হয়েছে। কমিটির প্রতিবেদন অনুযায়ী আসবাবপত্র ক্রয়ের এবং অকেজো আসবাবপত্র ক্রয়ের এবং অকেজো আসবাবপত্র ক্রয়ের এবং অকেজো আসবাবপত্র বিক্রির ব্যবস্থা করতে হবে এবং আধুনিক আসবাবপত্রের ব্যবস্থা করতে হবে। |
| ৩(ক) | একাডেমিক মন্তব্য ও সুপারিশ:<br>শিক্ষার্থী সংখ্যা ও মন্তব্য: বর্তমান শিক্ষাবর্ষে উক্ত প্রতিষ্ঠানের শিক্ষার্থী সংখ্যা ২৩৭ জন। পরিদর্শনকালে ২০৬ জন শিক্ষার্থী উপস্থিত ছিল। প্রতিষ্ঠানটিতে কাম্য শিক্ষার্থী আছে। শ্রেণি কক্ষে উপস্থিত শতভাগ নিশ্চিত করার লক্ষ্যে সকল শিক্ষককে প্রচেষ্টা চালাতে হবে। |
| ৩(খ) | ঝরে পড়ার কারণ চিহ্নিত করে ঝরে পড়ার হার কমিয়ে আনার জন্য শিক্ষক ও কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। গৃহীত ব্যবস্থার প্রমাণক টিএমইডিতে প্রেরণ করার সুপারকে নির্দেশনা দেয়া হলো। |
| ৩(গ) | একাডেমিক সংক্রান্ত তথ্য ও মন্তব্য: শ্রেণিকক্ষে শিক্ষকদের পাঠদান পর্যবেক্ষণ করা হয়। একাডেমিক উন্নয়নের জন্য নিম্নবর্ণিত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করার জন্য সুপারকে নির্দেশনাপূর্বক বিষয়টি নিশ্চিত করার জন্য ব্যবস্থাপনা কমিটির সকল সদস্যকে অনুরোধ করা হলো:<br>১. শ্রেণি কক্ষে শিক্ষকদের পাঠদান প্রতিষ্ঠান প্রধানকে নিয়মিত পর্যবেক্ষণ করতে হব। (২) প্রতি বছরের প্রথমে বার্ষিক পাঠ পরিকল্পনা প্রণয়ন করে প্রত্যেক শিক্ষার্থীকে সরবরাহ করতে হবে এবং তদানুযায়ী শ্রেণি কক্ষে পাঠদান করতে হবে। নির্ধরিত সময়ের মধ্যে পাঠ পরিকল্পনা সমাপ্ত করতে হবে। (৩) শ্রেণির অপেক্ষাকৃত দূর্বল অমনোযোগী শিক্ষার্থী চিহ্নিত করে তাদের বিশেষ পাঠদানের ব্যবস্থা করতে হবে। (৪) প্রতি মাসে শিক্ষক সভা করতে হবে। লেখাপড়ার মান উন্নয়ন করার লক্ষ্যে শিক্ষক সভায় কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে এবং তা ব্যবস্থা কমিটির সভায় পেশ করে বাস্তবায়ন করতে হবে। (৫) বিষয়কভিত্তিক শিক্ষক কর্তৃক প্রণিত প্রশ্ন পত্রের মাধ্যমে প্রতিষ্ঠানের অভ্যন্তরীন পরীক্ষা নিতে হবে। কোন মতেই ক্রয় করা প্রশ্ন পত্রের মাধ্যমে অভ্যন্তরীন পরীক্ষা নেওয়া যাবে না। |
| ৩(গ)১ | অভ্যন্তরীন পরীক্ষা ফলাফল: অভ্যন্তরীন পরীক্ষার ফলাফল মান উন্নয়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এজন্য আলাদা ক্লাশ এবং ক্লাশ পরীক্ষা শতভাগ উপস্থিতসহ বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। অভ্যন্তরীণ পরীক্ষার ফলাফল গুনগত মানোন্নয়নের প্রচেষ্টা অব্যাহত রাখাপূর্বক এ বিষয়ে গৃহীত ব্যবস্থার প্রমাণক টিএমইডিতে প্রেরণ করার জন্য সুপারকে নির্দেশনা দেয়া হলো। |
| ৩(গ)২ | পাবলিক পরীক্ষার ফলাফল: পাবলিক পরীক্ষায় পূর্ব অপেক্ষা ফলাফলের মান উন্নত করার প্রচেষ্টা চলছে মর্মে জানানো হয়েছে। বোর্ড পরীক্ষার ফলাফলের মান উন্নত করার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। |
| ৩(গ)৩ | জেডিসি পরীক্ষার ফলাফল: জুনিয়র বৃত্তি পরীক্ষায় বৃত্তি লাভের জন্য জেডিসি পরীক্ষার্থীগণকে মাদ্রাসায় নিয়মিত পাঠদান ছাড়াও আলাদা পাঠদানের ব্যবস্থা করা হয়েছে। জেডিসি পরীক্ষার ফলাফলের মান উন্নত করার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। |
| ৩(গ)৪ | বৃত্তি পরীক্ষা: বিগত ২০১৫ সালে ০১ জন, ২০১৬ সালে ০২ পরীক্ষার্থী জুনিয়র বৃত্তি লাভ করেছে। ভবিষ্যতে অধিক সংখ্যক পরীক্ষার্থী যাতে জুনিয়র বৃত্তি লাভ করে সে জন্য বিশেষ ক্লাসের ব্যবস্থা করতে হবে। |
| ৩(ছ) | সহপাঠ কার্যক্রম: সহপাঠ কার্যক্রম চালু আছে। বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা, কবিতা আবৃতিসহ অন্যান্য প্রতিযোগিতা হয়। তাছাড়া শিক্ষার্থীরা উপজেলা পর্যায়ের স্বাধীনতা দিবস, বিজয় দিবস, জাতীয় শোক দিবসসহ বিভিন্ন প্রতিযোগিতায় অংশ গ্রহণ করে। অধিকতর গুরুত্বারোপের জন্য মাদ্রাসায় আগামী বাজেটে খেলাধুলার সামগ্রী ক্রয়ের বরাদ্দ করতে হবে। |
| ৪(ক-১) | প্রতিষ্ঠানের আয় ব্যাংকে জমা করা হয় এবং কমিটির সিদ্ধান্ত মোতাবেক ব্যাংক হতে টাকা উত্তোলন করে ব্যয় করা হয়। প্রতিষ্ঠানের বাৎসরিক বাজেট প্রণয়নের মাধ্যমে আয়-ব্যয় পরিচালনা করার জন্য সুপারকে নির্দেশ দেয়া হলো। |
| ৪(চক-৪) | কমিটি ২৩.০৬.২০২১ খ্রি. তারিখের সভায় তিন জন করে শিক্ষক সমন্বয়ে অভ্যন্তরীন হিসাব নিরীক্ষা কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটিকে আগামী সভায় প্রতিবেদন উপস্থাপন করার জন্য অনুরোধ করা হয়েছে মর্মে ব্রডশীট জবাবে উল্লেখ করা হয়েছে। সভার সিদ্ধান্ত প্রেরণ/প্রমাণক প্রেরণের জন্য সুপারিকে অনুরোধ করা হলো। |

চলমান পাতা-০৩

| | |
|---|---|
| ৪(খ)৩ | ভবিষ্য তহবিল: ভবিষ্য তহবিল চালু নেই। কর্মরত সকল শিক্ষক-কর্মচারীর ভবিষ্য তহবিল চালু করার জন্য কমিটির ২৩.০৬.২০২১ খ্রি. তারিখের সভায় সিদ্ধান্ত গৃহীত হলে জুন, ২০২১ মাসের বেতন প্রাপ্তির পর হিসাব খোলার সিদ্ধান্ত সভায় গৃহীত হয়। হিসাব খোলা হয়েছে কিনা? তা উল্লেখ্য করা হয়নি বিধায় শিক্ষক-কর্মচারীদের নামে পৃথক ব্যাংক হিসাব নম্বরে ভবিষ্যৎ তহবিল চালু করে গৃহীত ব্যবস্থার প্রমাণক টিএমইডিতে প্রেরণ নিশ্চিত করার জন্য সুপারকে নির্দেশনা দেয়া হলো। |
| ৫(ক-৪) | বিগত পরিদর্শনের সুপারিশসমূহ অধিকাংশ বাস্তবায়িত হয়েছে। ঙ, ছ নং সুপারিশসমূহ বাস্তবায়িত করণের জন্য পদক্ষেপ গ্রহণ করা হয়েছে মর্মে জানানো হয়েছে। তৎপ্রেক্ষিতে অবাস্তবায়িত সুপারিশ বাস্তবায়িত করে তার প্রমাণক টিএমইডিতে প্রেরণের জন্য সুপারকে নির্দেশনা প্রদান করা হলো। |

০২. বর্ণিতাবস্থায়, উপরিউক্ত প্রতিষ্ঠান পরিচালনা সংক্রান্ত যাবতীয় একাডেমিক ও আর্থিক বিধি-বিধান সংক্রান্ত নির্দেশনাসমূহ মাদ্রাসা কর্তৃপক্ষ কর্তৃক যথাযথভাবে বাস্তবায়ন/প্রতিপালন করে প্রমাণকসহ BSR আগামী ৩০.০৩.২০২২ খ্রি. তারিখের মধ্যে টিএমইডিতে (মাদ্রাসা অধিদপ্তরের মাধ্যমে) প্রেরণের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে নির্দেশনা প্রদানের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো; এবং

০৩. একই সাথে ব্রডশীট জবাবের অনুচ্ছেদ-১ এর ক্রমিকের ১-(ক), (খ), (গ), (ঙ), (ছ), (জ), (ঝ-১), (ঞ), (ঠ), (ড), (ঢ), ২(খ), ৩(ঙ), ৩(চ), ৪(খ-১), ৪(ক-৩), ৪(খ-১), ৪(খ-২), ৫(ক-১), ৫(ক-২), ৫(ক-৩), ৫(খ) এবং ৫(গ)'র বিষয়ে কোন আপত্তি না থাকায় আপত্তিসমূহ নিষ্পত্তি করা হলো।

০৮.০৩.২০২২

(নূরজাহান বেগম)
সিনিয়র সহকারী সচিব (অডিট)
ফোন: ৯৫৭৫২৭২

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ গার্লস গাইড এসোসিয়েশন
গাইড হাউজ, ৭ম ও ১০ম তলা, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।

**অনুলিপি:** (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো):

০১. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২. সিস্টেম এনালিষ্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইডে প্রকাশের অনুরোধসহ)।
০৩. পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ১৬ আঃ গণি রোড, ঢাকা-১০০০।
০৪. যুগ্মসচিব (অডিট ও আইন) -এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৫. উপসচিব (অডিট ও আইন) -এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৬. সুপার/ব্যবস্থাপনা কমিটি, গংগারহাট দ্বি-মুখী দাখিল মাদ্রাসা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
০৭. অফিস কপি।